

এসআরডিআই-এর কার্যাবলী

ভূমি ও মৃত্তিকা সম্পদের বৈশিষ্ট্যায়ন :

১. আধা বিস্তারিত মৃত্তিকা জরিপের মাধ্যমে উপজেলাভিত্তিক ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা প্রণয়ন ও হালনাগাদকরণ।
২. ইউনিয়নওয়ারী ভূমি, মৃত্তিকা এবং সার সুপারিশ সহায়িকা প্রণয়ন।

কৃষক সেবা :

১. স্থায়ী মৃত্তিকা গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণের ফলাফল ও ফসলের চাহিদা অনুযায়ী সুষম সার সুপারিশ।
২. ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) মাধ্যমে সরেজমিনে কৃষকের মাটি পরীক্ষা করে সুষম সার সুপারিশ।
৩. টেকসই মৃত্তিকা ও ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মধ্যে মৃত্তিকা স্বাস্থ্য কার্ড বিতরণ।
৪. ইউনিয়নভিত্তিক ভূমি শ্রেণির গড় উর্বরতা মানের ভিত্তিতে প্রধান প্রধান ফসলের জন্য সার সুপারিশ সম্বলিত ফেস্টুন বিতরণ।

আইসিটি সেবা :

১. ইনস্টিটিউট কর্তৃক সৃজিত মৃত্তিকা উর্বরতা বিষয়ক বিশাল তথ্য-উপাত্তের ভিত্তিতে যে কোন অঞ্চলের কৃষকের চাহিদা অনুযায়ী ফসলের ডিজিটাল (অনলাইন) সার সুপারিশ।
২. এসআরডিআই এর ডিজিটাল সার সুপারিশ ওয়েব সাইট www.frs.bd.com ব্যবহার করে নওগাঁ জেলার সকল ইউনিয়নের জমিতে ফসল ভিত্তিক সুষম সারের পরিমাণ জেনে নিন, অধিক ফসল ঘরে নিন। সুষম সার প্রয়োগ করলে ফলন বাড়ে, খরচ কমে, মাটির স্বাস্থ্য ভাল থাকে এবং ফসলে রোগ বালাই ও পোকাকার আক্রমণ কম হয়।

সার নমুনা বিশ্লেষণ সেবা :

১. সারের গুণগতমান নিয়ন্ত্রণের লক্ষ্যে রাসায়নিক সারের নমুনা বিশ্লেষণে সহায়তা।
২. সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের জন্য সহজ পদ্ধতি উদ্ভাবন ও উন্নয়ন।

মৃত্তিকা উর্বরতা পরিবীক্ষণ :

১. মৃত্তিকা উর্বরতার দীর্ঘমেয়াদী পরিবীক্ষণ।

সমস্যাশীল মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা :

১. সমস্যাশীল মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক প্রযুক্তি উদ্ভাবন।

প্রযুক্তি হস্তান্তর :

১. মৃত্তিকা পরীক্ষাভিত্তিক সুষম সার ব্যবহার প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে কৃষকের জমিতে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবস বাস্তবায়ন।
২. কৃষির সাথে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মীদেরকে ভূমি ও মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
৩. মাটির নমুনা সংগ্রহ ও সুষম সার ব্যবহার বিষয়ে কৃষক প্রশিক্ষণ প্রদান।
৪. সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণ বিষয়ে জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ে কৃষি কর্মকর্তা, সারের ডিলার ও কৃষকদেরকে প্রশিক্ষণ প্রদান।
৫. প্রযুক্তি বিস্তারের লক্ষ্যে ডকুমেন্টারী ফিল্ম, লিফলেট, পুস্তিকা, পোস্টার প্রকাশ/প্রদর্শন।

মানচিত্র প্রণয়ন :

১. ভূমি ব্যবহার মানচিত্র
২. ভূ-প্রকৃতি মানচিত্র
৩. ভূমি ও মৃত্তিকা সম্পর্কিত বিভিন্ন ধরনের মানচিত্র।
৪. প্রাকৃতিক দুর্যোগজনিত (বন্যা, খরা) ক্ষতিগ্রস্ত এলাকা জরিপ করে মানচিত্র প্রণয়ন।